



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

Phone- 9550505

email:dgmicd@krishibank.
org.bd

প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৭-২০১৮/ ১১৮ (৫) (২০০)

তারিখ : ১০/০৬/২০১৮

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।

তাগিদপত্র-১

বিষয়ঃ পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪তম সভার কার্যবিবরণীর
সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে ১০/০৪/২০১৮ তারিখের প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৭-২০১৮/১০২৮(১২০০) নং
পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। উক্ত পত্রে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের শাখা
পরিদর্শনের নির্ধারিত চেকলিষ্ট অনুযায়ী মাসিক ভিত্তিতে আপনার অঞ্চলাধীন সকল শাখা ব্যবস্থাপকগণ স্ব-স্ব শাখার পরিদর্শন কাজ সম্পন্ন
করবেন এবং পরিদর্শন প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবেন মর্মে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হয়েছিল।
কিন্তু দুঃখের বিষয় বিগত এপ্রিল/২০১৮ মাসে মাত্র ৬টি শাখার পরিদর্শন প্রতিবেদন অত্র বিভাগে পাওয়া গিয়েছে, যা অনাকাঙ্ক্ষিত। এতে
করে প্রতীয়মান হয় যে, পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির প্রদত্ত সিদ্ধান্ত পরিপালনে আপনারা আন্তরিক নন।

০৩। এমতাবস্থায়, পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আপনার অঞ্চলাধীন ব্যবস্থাপককে বাংলাদেশ ব্যাংকের
শাখা পরিদর্শনের নির্ধারিত চেকলিষ্ট অনুযায়ী মাসিক ভিত্তিতে স্ব-স্ব শাখার পরিদর্শন কাজ সম্পন্ন করে পরিদর্শন প্রতিবেদন অভ্যন্তরীণ
নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করার জন্য আপনাদেরকে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অত্যন্ত জরুরী এবং অগ্রাধিকার ভিত্তিতে করণীয়।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(লুৎফুন নাহার নাজি)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪। সচিব/উপ-মহাব্যবস্থাপক, পর্ষদ সচিবালয়/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে
আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি মহানথি।